

হল প্রভোস্টের ডাকে ফের ইবিতে সেই ভুক্তভোগী

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ১৪:২৭, ২২ ফেব্রুয়ারি ২০২৩



বাবাসহ ক্যাম্পাসের ফটকে ছাত্রী

হল প্রভোস্টের ডাকে আবারো ক্যাম্পাসে এসেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) নির্যাতনের শিকার নবীন সেই ছাত্রী। বুধবার (২২ ফেব্রুয়ারি) দুপুর ১২টার দিকে তার বাবাসহ ক্যাম্পাসের প্রধান ফটকে পৌঁছেছেন তিনি।

হলের প্রভোস্ট অধ্যাপক ড. শামসুল আলম বিষয়টি নিশ্চিত করে বলেন, তদন্তের স্বার্থে ওই ছাত্রীকে ডাকা হয়েছে।

পরে সেখান থেকে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. শফিকুল ইসলাম ও জয়শ্রী সেন তাকে ক্যাম্পাসের প্রধান ফটক থেকে ভুক্তভোগীকে হলে নিয়ে যান। ড. শফিক বলেন, প্রভোস্টের নির্দেশনা অনুযায়ী, আমরা ওই ছাত্রীকে রিসিভ করে হলে দিয়ে এসেছি।

এদিকে তদন্তের কাজে ক্যাম্পাসে এসেছেন হাইকোর্টের নির্দেশনায় গঠিত তদন্ত কমিটি। বুধবার দুপুর ১২টার দিকে তারা ক্যাম্পাসে প্রবেশ করেন। এ সময় প্রক্টরের কার্যালয়ে সোয়া একটা পর্যন্ত থেকে ঘটনাস্থলে (দেশরত্ন শেখ হাসিনা হল) যান।